

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ আওয়ামী লীগ অষ্ট্রেলিয়া শাখা

রেজিস্ট্রেশন নং - INC৯৮৯১৬৭৫

কার্যালয়ঃ ৫/১০৪ ক্রয়ডন স্ট্রিট, লাকেয়া, এন, এস, ডাবলিউ - ২১৯৫, অষ্ট্রেলিয়া।

ফোনঃ ৬১ + ৪০১-৮৫৫-০৫৯; ৬১ + ০৪০১-৪৫১-৪৫৭

ফ্যকসঃ ৬১ + ৩ + ৯৯২৫-৫৯২৫

ই-মেইলঃ shams.rahman@rmit.edu.au

প্রেস বিজ্ঞপ্তি

আগামীতে আওয়ামী লীগের কয়েকটি প্রকল্প

আওয়ামী লীগ অষ্ট্রেলিয়াসহ বাংলাদেশী কমিউনিটিতে কার্যরত একটি প্রগতিশীল সংগঠন। কমিউনিটির সদস্যদের মধ্য থেকে, কমিউনিটির সদস্যের দ্বারা, এবং কমিউনিটির বৃহত্তর জনগোষ্ঠী এবং বাংলাদেশের সাধারণ মানুষের কল্যাণের জন্য এই সংগঠনটি সংগঠিত হয়েছে। সামাজিক, সাংস্কৃতিক ও অন্যান্য সংগঠনের সাথে এই সংগঠনের পার্থক্য শুধু এটুকুই যে, আওয়ামী লীগ একটি বিশেষ রাজনৈতিক বিশ্বাসে বিশ্বাসী। আওয়ামী লীগ গণতন্ত্র, জাতীয়তাবাদ, ধর্ম নিরপেক্ষতা এবং সামাজিক সহবস্তুহানের মূল মন্ত্রে বিশ্বাসী। বাংলাদেশী কমিউনিটিতে কার্যরত প্রগতিশীল ও স্বাধীনতার মূল্যবোধে বিশ্বাসী সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনগুলোও এই সব মূল্যবোধ বিশ্বাসী। অন্যান্য সংগঠনের মত আওয়ামী লীগও কিছু বাস্তবধর্মী প্রকল্পের মধ্য দিয়ে প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণে কাজ করে যাচ্ছে। সাম্প্রতিক, এই সংগঠনকে প্রবীণদের অভিজ্ঞতার আলোকে, নতুন-নবীনদের উদ্যম ও উৎসাহকে স্বাগত জানিয়ে নতুন ভাবে চলে সাজানো হয়েছে। আওয়ামী লীগ অষ্ট্রেলিয়ার নতুন কার্যকরী সংসদ ইতিমধ্যে কমিউনিটির কল্যাণ সাধনে কিছু প্রকল্প হাতে নিয়েছে। এই প্রকল্প গুলো হচ্ছেঃ

প্রকল্প ১: কমিউনিটিতে কার্যরত সংগঠনের জন্য স্পনসরশীপ - আগামী ২০১০ থেকে আওয়ামী লীগ অষ্ট্রেলিয়া বছরে দু'বার \$৫০০ মূল্যের দুটো স্পনসরশীপ প্রদান করার সিদ্ধান্ত নিয়েছে। যে সমস্ত সংগঠন অথবা ব্যক্তি প্রবাস-প্রজন্মের মাঝে বাংলা ভাষা, বাংলাদেশের সঠিক ইতিহাস, তথা সংস্কৃতির প্রসার ঘটাতে সহায়ক, তারা; এবং অন্যান্য সামাজিক, নাট্যগোষ্ঠী, প্রচার মাধ্যম এবং সাংস্কৃতিক সংগঠন এই স্পনসরশীপের জন্য আবেদন করতে পারেন। আবেদন পত্র বাছাইয়ের জন্য শীঘ্রই তিন সদস্য বিশিষ্ট একটি নিরপেক্ষ বাছাই কমিটি গঠন করা হবে। স্পনসরশীপের জন্য আবেদন করার বিস্তারিত পদ্ধতি ও সময়সীমা পরবর্তী বিজ্ঞপ্তিতে জানানো হবে।

প্রকল্প ২: মাইগ্রেশনের জটিলতা বিষয়ক প্রাথমিক সহযোগিতা প্রদান - প্রতি বছর বাংলাদেশ থেকে বেশ কিছু সংখ্যক বাংলাদেশী অষ্ট্রেলিয়াতে আসেন যারা 'নিয়মিত মাইগ্রেশন' শ্রেণী ভুক্ত নন। আওয়ামী লীগ এই শ্রেণী ভুক্তদের জন্য মাইগ্রেশন বিষয়ক

জটিলতার ক্ষেত্রে আইন বিষয়ক প্রাথমিক সহযোগিতা প্রদান করবে আগামী ২০১০ থেকে। এই বিষয়ে একজন আইন বিশেষজ্ঞকে সভাপতি করে, একটি সাব-কমিটি তৈরি করা হবে অতি শীঘ্রই।

প্রকল্প ৩: বাংলাদেশের দুস্থ মানুষের জন্য সাহায্য - বাংলাদেশের দুস্থ পরিবারের সংকটাপন্ন অবস্থার উত্তরনে প্রতি বছর আওয়ামী লীগ অস্ট্রেলিয়া একটি দুস্থ পরিবারের কল্যাণে \$৫০০ - \$১০০০ সাহায্য প্রদান করবে।

প্রকল্প ৪: বাংলাদেশ থেকে আগত ছাত্র-ছাত্রীদের জন্য অভ্যর্থনা - প্রতি বছর বাংলাদেশ থেকে শত শত ছাত্র-ছাত্রী অস্ট্রেলিয়াতে আসেন উচ্চ-শিক্ষার জন্য। আওয়ামী লীগ তাদেরকে অভ্যর্থনার(নবীন বরণ) ব্যবস্থা নিবে আগামী ২০১০ থেকে। আমরা আশা করি এই অনুষ্ঠানে বাংলাদেশী কমিউনিটির সদস্যদের সাথে অনানুষ্ঠানিক 'নেট-ওয়ার্কিং' এর মধ্য দিয়ে অস্ট্রেলিয়ার জীবনযাত্রা, শিক্ষা ব্যবস্থা সহ প্রবাস-জীবনের বিভিন্ন বিষয়ে তাদের অবগত হবার সুযোগ ঘটবে।

উল্লিখিত প্রকল্পগুলি সাফল্যের সাথে বাস্তবায়নের জন্য আওয়ামী লীগ বাংলাদেশী কমিউনিটির সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছে।

অধ্যাপক শামস্ রহমান

সভাপতি

বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখা

বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখা

আনিসুর রহমান রিতু

সাধারণ সম্পাদক